



নারী নিরাপত্তায় রাজনৈতিক দলের সক্রিয় ভূমিকা জরুরি: জায়মা রহমান



জায়মা রহমান। ছবি: সংগৃহীত

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের কন্যা জায়মা রহমান রাজনৈতিক দলগুলোকে নারীদের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। রোববার (৮ ফেব্রুয়ারি) রাজধানীর বিআইএসএস সম্মেলন কক্ষে এক সেমিনারে তিনি এই বক্তব্য দেন।

জায়মা রহমান পলিসি মেকিংয়ে নারীদের অংশগ্রহণ বাড়ানোর গুরুত্বে জোর দিয়ে বলেন, ছাত্র নেতৃত্ব থেকে স্থানীয় সরকার পর্যন্ত একটি ধারাবাহিক পাইপলাইন তৈরি করতে হবে। নাহলে সুযোগ-সুবিধা সীমিত হয়ে যাবে এবং নতুন নেতৃত্ব বিকশিত হতে পারবে না।

তিনি আরও বলেন, রাজনীতি ও নাগরিক দায়িত্ব সম্পর্কে সচেতন না হলে নারী নেত্রীদের জন্য সুযোগ তৈরি করা কঠিন হবে। পুরুষদের জন্য যে সুযোগ সুবিধা থাকে, নারীদেরও সেই সমান সুযোগ দেওয়া প্রয়োজন।

অর্থনৈতিক বৈষম্য দূর করার মাধ্যমে নারীদের রাজনীতিতে সক্রিয় করার আহ্বান জানিয়ে জায়মা বলেন, অর্থনৈতিক সহায়তা পেলে নারীরা রাজনৈতিক অংশগ্রহণে বাধা কম অনুভব করবে।

তরুণদের মেধা কাজে লাগানোর ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, আমাদের চিন্তাভাবনায় পরিবর্তন আনতে হবে এবং দেশের জন্য নতুন দৃষ্টিকোণ নিয়ে আসতে হবে। এই প্রক্রিয়ায় রাজনৈতিক দলগুলোকে নারীদের নিরাপত্তা ও সমর্থনে দায়িত্বশীল হতে হবে।

নিরাপত্তার ক্ষেত্রে তিনি জোর দিয়ে বলেন, প্রতিটি দলের নিজস্ব কোড অব কন্ডাক্ট থাকা জরুরি, যাতে নারীদের প্রতি হয়রানি হলে দল দায় স্বীকার করে এবং তাদের পাশে দাঁড়ায়। সেমিনারে তিনি আরও উল্লেখ করেন, সমাজ, শিক্ষক, শিক্ষার্থী ও মুক্তিযোদ্ধাদের সঙ্গে একযোগে কাজ করলে একটি ন্যায্যভিত্তিক রাষ্ট্র গড়ে তোলা সম্ভব।